জনশুমারিতে তথ্য দিন
উন্নয়নে অংশ নিন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৫.৩১.২৯৮.১২-৩৩১

তারিখঃ ৩১ বৈশাখ ১৪২৭
১৪ মে ২০২০

করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সাধারণ ছুটি/ চলাচলে নিষেধাজ্ঞা বর্ধিতকরণ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪/০৫/২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭.১৩৭ নং স্মারকের পত্রের চিত্রপ্রতিলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (তাঁর নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
০২। জনাব মুহাম্মদ সালেহউদ্দীন, অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা (তাঁর নিয়ন্ত্রণাধীন বিবিএস এর প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিষয়টি অবহিতকরণ ও পত্রের নির্দেশনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৪। যুগ্মসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা/তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৫। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। অফিস কপি।

১৪/০৫/২০২০
মোঃ রফিকুল ইসলাম
উপসচিব
☎ ৫৫০০৭০৭৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০১.০৪৫.১৯. ১০৫৬

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ
১৯ মে, ২০২০ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত পত্র এবং সংযুক্তির মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

১৯/০৫/২০২০
মো: এমদাদুল হক
পরিচালক
ফোন: ০২-৫৫০০৭০৬৮
ই-মেইল: emdad1972@yahoo.com

বিতরণ: জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
(১) পরিচালক (সকল)........................উইং, বিবিএস, ঢাকা (অধীন কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণের অনুরোধসহ)।
(২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধসহ)।
(৩) প্রকল্প পরিচালক (সকল)..............................বিবিএস, ঢাকা (অধীন কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণের জন্য)।
(৪) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
(৫) যুগ্মপরিচালক (সকল), বিভাগীয় পরিসংখ্যান অফিস, ............ (অধীন কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণের জন্য)।
(৬) উপপরিচালক/উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিসংখ্যান অফিস (সকল)............ (অধীন কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণের জন্য)।
(৭) উপপরিচালক, প্রশাসন/সমন্বয়/বিনিক/প্রকাশনা, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
(৮) স্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বিবিএস, ঢাকা।
(৯) স্টাফ অফিসার, উপ-মহাপরিচালকের কার্যালয়, বিবিএস, ঢাকা।
(১০) গার্ড নথি/অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৭

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৭
১৪ মে ২০২০

# প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business. 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধ এবং পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে সরকার আগামী ১৬ মে ২০২০ তারিখের পর নিম্নলিখিত শর্তসাপেক্ষে বিদ্যমান সাধারণ ছুটি বৃদ্ধি করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(১) আগামী ১৭ মে ২০২০ থেকে ২৮ মে ২০২০ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হলো। ২১ মে ২০২০ (শব-ই-ক্বদরের সরকারি ছুটি), ২২-২৩ ও ২৯-৩০ মে ২০২০ তারিখের সাপ্তাহিক ছুটি এবং ২৪, ২৫ ও ২৬ মে ২০২০ তারিখ (ঈদ-উল-ফিতরের সাধারণ / সরকারি ছুটি) এ ছুটির অন্তর্ভুক্ত থাকবে;

(২) সাধারণ ছুটি/চলাচল নিষেধাজ্ঞাকালীন জনসাধারণ ও সকল কর্তৃপক্ষকে অবশ্যই স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশমালা কঠোরভাবে মেনে চলতে হবে;

(৩) সাধারণ ছুটি/চলাচল নিষেধাজ্ঞাকালীন জরুরি পরিষেবা, যেমন-বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানী, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এ ছুটির বাইরে থাকবেন;

(৪) সড়ক ও নৌ পথে সকল প্রকার পণ্য পরিবহনের কাজে নিয়োজিত যানবাহন (ট্রাক, লরি, কার্গো ভেসেল প্রভৃতি) চলাচল অব্যাহত থাকবে;

(৫) কৃষি পণ্য, সার, কীটনাশক, খাদ্য, শিল্প পণ্য, রাষ্ট্রীয় প্রকল্পের মালামাল, কাঁচা বাজার, খাবার, ঔষধের দোকান, হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সবের সাথে সংশ্লিষ্ট কর্মীদের ক্ষেত্রে এ ছুটি প্রযোজ্য হবে না;

(৬) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মী এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মী, গণমাধ্যম (ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া) এবং ক্যাবল টিভি নেটওয়ার্কে নিয়োজিত কর্মীগণ এ সাধারণ ছুটি/চলাচল নিষেধাজ্ঞার আওতাবহির্ভূত থাকবে;

(৭) ঔষধশিল্প, উৎপাদন ও রপ্তানিমুখী শিল্পসহ সকল কলকারখানা কর্তৃপক্ষ শ্রমিকদের নিরাপত্তা এবং স্বাস্থ্য সেবা নিশ্চিত করে চালু রাখতে পারবে। স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রণীত 'বিভিন্ন শিল্প কারখানায় স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণে নির্দেশনা' প্রতিপালন নিশ্চিত করতে হবে;

(৮) পরিস্থিতি বিবেচনা করে পরবর্তীতে শিল্প-কারখানা, কৃষি এবং উৎপাদন ও সরবরাহ ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট ক্ষেত্রগুলো পর্যায়ক্রমে উন্মুক্ত করা হবে;

(৯) সাধারণ ছুটি/চলাচল নিষেধাজ্ঞাকালীন কোনো শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখা যাবে না;

(১০) রমজান, ঈদ এবং ব্যবসা-বাণিজ্যের সুবিধা বিবেচনায় ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

(১১) সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের নিয়ন্ত্রণাধীন অফিসসমূহ প্রয়োজন অনুসারে খোলা রাখবে। সেইসঙ্গে তারা তাদের অধিক্ষেত্রের কার্যাবলি পরিচালনার জন্য সুনির্দিষ্ট নির্দেশনা জারি করবে। মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অফিসসমূহের কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ থেকে জারিকৃত ১৩ দফা নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে; এবং

(১২) উক্ত সাধারণ ছুটিকালীন কেউ কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৪/০৫/২০২০

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব

চলমান পাতা-২

নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৭(১০০০)

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৭
১৪ মে ২০২০

**অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১।মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২।প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব,---------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৫। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৬। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
৮। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
১১। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
১৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৪। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা(বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল)।
১৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

১৪/৫/২০২০

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব